গাংনীর সাহারবাটিতে বিএনপি’র কমিটি গঠন নিয়ে উত্তেজনা

গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়নের ২ ও ৩ নং ওয়ার্ড কমিটি গঠন নিয়ে বিএনপি নেতা কর্মির মধ্যে উত্তেজনা সৃষ্টি হয়েছে।

আজ মঙ্গলবার বিকালে অনুষ্ঠিত কর্মী সম্মেলনে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন সহ একাংশের নেতৃবৃন্দ।এসময় নেতা কর্মীর তোপের মুখে পড়েন জেলা বিএনপি’র আহ্বায়ক। পরবর্তিতে গাংনী থানা পুলিশ ও মেহেরপুরের সেনাবাহিনীর হস্তক্ষেপে পরিস্থিতি শান্ত হয়।

মুজিবনগরে উপজেলা সেচ্ছাসেবক দলের ইফতার মাহফিল

মুজিবনগরে উপজেলা স্বেচ্ছাসেবক দলের আয়োজনে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বিকেলে কেদারগঞ্জ বাজারের মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় মার্কেটের সামনে এই ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

ইফতার মাহফিলে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ন আহবায়ক ফিরোজ রহমান বিজয়, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ইকবাল হাসান, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আসাদুল ইসলাম, সদর থানা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলী, সদর থানা যুবদলের যুগ্ম আহ্বায়ক সাইদুর রহমান, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স,

জেলা যুবদলের সহ-সভাপতি মোসাররেফ হোসেন তপু, জেলা যুবদলের সহ-সভাপতি আ: হামিদ সহ উপজেলা সেচ্ছাসেবকদলের নেতাকর্মীবৃন্দ।

মেহেরপুরের আমদহে বিএনপির সম্মেলন ও ইফতার

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়নের ৪ নং ওয়ার্ড বিএনপির সম্মেলন ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

আজ মঙ্গলবার সন্ধ্যার দিকে মেহেরপুর সদর উপজেলা আমদহ ইউনিয়নের বিএনপি’র প্রাইমারি স্কুল মাঠ প্রাঙ্গণে সম্মেলন ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য আলমগীর খান সাতুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান বক্তব্যে বলেন , তারেক রহমান যে কমিটি দিয়েছে,যারা এই কমিটির সাথে নেই তারা জাতীয়তাবাদী আদর্শের শত্রু। গত ২৫ তারিখে যারা সম্মেলনে উপস্থিত হয়নি এবং গাড়ি বন্ধ করেছে তারা জাতীয়তাবাদী আদর্শের শত্রু। আমাদের ঐক্যবদ্ধ থাকতে হবে,ঐক্যবদ্ধ থাকতে হলে প্রতিটি ওয়ার্ডে কমিটি গঠন করতে হবে। কিন্তু একটি মহল এই কমিটি গঠনে বাধা প্রদান করছে।আমরা চাই তাদের সুমতি হক,তারা আমাদের সাথে আসুক, জাতীয়তাবাদীর আদর্শে যে দল সেই দলের নেতৃত্বে আসুক, তারেক রহমান বেগম খালেদা জিয়ার নেতৃত্বে আসুক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপি’র আহবায়ক কমিটির যুগ্ন আহবায়ক ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপির সদস্য হাফিজুর রহমান, এ কে এম খাইরুল বাশার মীর ফারুক ওমর ফারুক লিটন, রোমানা আহম্মেদ,

এ সময় উপস্থিত ছিলেন জেলা জাসাসের সদস্য সচিব বাঁকা বিল্লাহ জেলা জিয়া মঞ্চের আহবায়ক অ্যাডভোকেট নজরুল ইসলাম,মোশিউল আলম দ্বীপু, ইলিয়াস হোসেন, সৌরভ, আবুল হাসেম, ইসমাইল শাহ, মিজানুর রহমান, সব বিএনপি নেতা কর্মী উপস্থিত ছিলেন

সম্মেলন ও ইফতার দোয়া মাহফিলের অনুষ্ঠানে সঞ্চালনা করেন সদর উপজেলা বিএনপি’র সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম রিপন।

আমদহ ইউনিয়নের ৪ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলনে নতুন কমিটির সভাপতি পদে জাহাঙ্গীর আলম, সিনিয়র সহ-সভাপতি ফারুক হোসেন, সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক একরামুল হক, সাংগঠনিক সম্পাদক টোকন আলীকে নির্বাচিত করা হয়।

মেহেরপুর সদর ও পৌর বিএনপির মতবিনিময় সভা

মেহেরপুরে সদর উপজেলা ও পৌর বিএনপির এবং অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকাল ১১ টার দিকে মেহেরপুর কাথুলী সড়কের খান কমিউনিটি সেন্টারে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়

জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টনের সভাপতিত্বে অনুষ্ঠানে মতবিনিময় সভায় সঞ্চালনায় করেন সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান।

উপস্থিত ছিলেন জেলা যুগ্ম আহবায়ক ফয়েজ মোহাম্মদ, মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক কমিটি সদস্য আলমগীর খান সাতু, খায়রুল বাশার, হাফিজুর রহমান হাফি, রোমানা আহাম্মেদ, ওমর ফারুক লিটন, জেলা বিএনপির সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন,জেলা বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুর রহিম, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, পৌর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আলমগীর হোসেন।

মতবিনিময় সভায় অন্যদের মধ্যে জেলা বিএনপির সাবেক মহিলা বিষয়ক সম্পাদিকা নাজমিন নাহার রিনা জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল হক লাভলু, জেলা জাসাসের সদস্য সচিব বাঁকা বিল্লাহ,, জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা,জেলা মহিলা দলের সহ-সভাপতি ছাবিহা সুলতানা,জেলা জিয়া মঞ্চের আহ্বায়ক অ্যাডভোকেট নজরুল ইসলাম,জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ন আহবায়ক ফিরোজুর রহমান ফিরোজ, জেলা

স্বেচ্ছাসেবক দলের ইলিয়াস হোসেন,বিএনপি নেতা মোশিউল আলম দ্বীপু,আব্দুল লতিফ, লিটন মাস্টারসহ বিএনপির নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরের কুতুবপুরে ওয়ার্ড বিএনপি’র ইফতার ও দোয়া মাহফিল

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র চেয়ারপার্সন সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনা করে মেহেরপুরের কুতুবপুরে ১,২,৩ ও ৪ নং ওয়ার্ড বিএনপি’র ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সন্ধ্যায় মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের নতুন পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে এ ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপি’র সদস্য ওমর ফারুক লিটনের সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ।

এছাড়াও এসময় জেলা বিএনপি’র সদস্য আলমগীর খান সাতু, জেলা বিএনপি’র সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুর রহিম, সাবেক মহিলা বিষয়ক সম্পাদিকা নাজমিন নাহার রিনা, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, লিটন মাস্টার, সৌরভ, যুবদল নেতা আবু তালেব, আব্দুল আলিম, রফিকুল ইসলাম, জিনারুল ইসলাম, নিজামুদ্দিনসহ ওয়ার্ড বিএনপি’র নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরের কুতুবপুরে ওয়ার্ড বিএনপি’র সম্মেলন ও ইফতার

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের ৮ ও ৯ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন, ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

গতকাল রবিবার সন্ধ্যার দিকে মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের উত্তর শালিকায় এই সম্মেলন, ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপি’র সদস্য ওমর ফারুক লিটনের সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত জেলা বিএনপি’র যুগ্ন আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ।

এছাড়াও এসময় জেলা বিএনপি’র সদস্য আলমগীর খান সাতু, জেলা জাসাসের সদস্য সচিব বাঁকাবিল্লা, জেলা বিএনপি’র সাবেক মহিলা বিষয়ক সম্পাদিকা নাজমিন নাহার রিনা, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, বিএনপি নেতা মোশিউল আলম দ্বীপু, আবু ইউসুফ মিরন, বখতিয়ার হোসেন, সাইদুল হক কেনেডি, তাজুল ইসলাম, সুইট, আরিফ,সাইরুল ইসলাম, আবুল হাশেম, ফুর্তি হাসান প্রমুখ উপস্থিত ছিলেন। ইফতার ও দোয়া মাহফিলে অনুষ্ঠানের সঞ্চালনায় করেন সাহাবুল ইসলাম।

কুতুবপুর ইউনিয়নের ৮ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলনে নতুন কমিটির সভাপতি সাইদুল হাসান খান কেনেডি ও সাধারণ সম্পাদক নবিরুল ইসলাম, ৯ নং ওয়ার্ড বিএনপি সভাপতি মহিবুল ইসলাম ও সাধারণ সম্পাদক মুকুল হাসান নির্বাচিত হন।

মুজিবনগরে বিএনপি’র উদ্যোগে

ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

মুজিবনগরে দারিয়াপুর বিএনপির উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার বিকেলে দারিয়াপুরে মুজিবনগর সরকারী ডিগ্রী কলেজ প্রাঙ্গনে দারিয়াপুর ইউনিয়নের কয়েক হাজার বিএনপি’র নেতাকর্মীর উপস্হিতিতে এই ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দারিয়াপুর ইউনিয়ন বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম মাষ্টারের সভাপতিত্বে ইফতার ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র আহবায়ক কমিটির সদস্য এবং মেহেরপুর জেলা বিএনপি’র (সাবেক) সভাপতি ও সাবেক মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য মাসুদ অরুণ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস, আহ্বায়ক কমিটির সদস্য ও মেহেরপুর বার কাউন্সিলের সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য আব্দুর রশিদ, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ।

উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসান, যুগ্ন আহবায়ক শাহিনুর রহমান, যুবদল নেতা আরিফ হোসেন, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির, মেহেরপুর জেলা জজ কোর্টের এপিপি অ্যাডভোকেট সেলিম গাজী, ছাত্রনেতা মিঠুন সহ দারিয়াপুর বিএনপি’র নেতাকর্মীবৃন্দ।

ইফতারের আগে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আত্মার মাগফিরাত ও বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি কামনায এবং ছোট্ট শিশু আছিয়ার আত্মার মাগফেরাত কামনা করে দোয়া অনুষ্ঠিত।

মুজিবনগরে বিএনপি’র উদ্যোগে

ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

মুজিবনগরে বাগোয়ান বিএনপি’র উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকেলে বাগোয়ান আননূর টেকনিক্যাল কলেজ প্রাঙ্গনে এই ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য আব্দুর রশিদের সভাপতিত্বে ইফতার ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য এবং মেহেরপুর জেলা বিএনপি’র (সাবেক) সভাপতি ও সাবেক মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য মাসুদ অরুণ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস।

উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসান, যুগ্ম আহবায়ক শাহিনুর রহমান, যুবদল নেতা আরিফ হোসেন, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির, মেহেরপুর জেলা জজ কোর্টের এপিপি অ্যাডভোকেট সেলিম গাজী, ছাত্রনেতা মিঠুন সহ বাগোয়ান বিএনপি’র নেতাকর্মীবৃন্দ।

ইফতারের আগে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আত্মার মাগফিরাত এবং বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি কামনায় দোয়া অনুষ্ঠিত হয়।

দারিয়াপুরে ৭ ও ৮ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন ও ইফতার মাহফিল

মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়নের ৭, ৮ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।
গতকাল শুক্রবার বিকাল ৫টার সময় পুরন্দরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে সম্মেলন ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

সম্মেলন ও ইফতার মাহফিলে জেলা বিএনপি’র আহবায়ক কমিটির সদস্য হাজী মশিউর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সিনিয়র যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম।

এছাড়াও অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য আলমগীর খান ছাতু, মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি ওমর ফারুক লিটন, মোনাখালী ইউনিয়ন বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক রায়হান কবির, বাগোয়ান ইউনিয়ন বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম, মহাজনপুর ইউনিয়ন বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আশরাফুল হক কালু, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, মুজিবনগর উপজেলা জাসস এর সভাপতি জুলফিকার খান হেলাল,

দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক নাহিদুল ইসলাম, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক এস এম সালাউদ্দীন, সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক লিংকন, বিএনপি নেতা জহিরুল ইসলাম সাজু, বিপ্লব, নুরুদ্দীন সাদি, হাপিজুল ইসলাম, ওমর ফারুকসহ স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

দারিয়াপুর ইউনিয়নের ৭ নং ওয়ার্ড বিএনপি’র সভাপতি হিসাবে লাল্টু মিয়া, সাধারণ সম্পাদক আবু সাইম এবং ৮ নং ওয়ার্ড বিএনপি’র সভাপতি হিসাবে আব্দুর রাজ্জাক সোনা, সাধারণ সম্পাদক হিসাবে বশির উদ্দীন নির্বাচিত হন।

মহেশপুরে জামায়াত ও বিএনপির কর্মীদের সংঘর্ষে ৬ জন আহত

ঝিনাইদহের মহেশপুরে বিএনপি ও জামায়াতের কর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে অন্তত ৬ জন আহত হয়েছে। গতকাল বুধবার রাতে মহেশপুর উপজেলার শ্যামকুড় মাদ্রাসা মোড় এলাকায় এ ঘটনা ঘটে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানায়, বুধবার মহেশপুরের ভৈরবা বাজারে

বিএনপি’র প্রতিবাদ সমাবেশ শেষ করে বাড়ি ফেরার পথে শ্যামকুড় বাজার মাদ্রাসা মোড় এলাকায় পৌঁছালে জামায়াত কর্মীদের সঙ্গে বিএনপির সমর্থকদের কথা কাটাকাটি হয়। একপর্যায়ে তারা সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে শ্যামকুড় গ্রামের দেলোয়ার হোসেনের ছেলে জামায়াত কর্মী আব্দুল মুন্না, আবুল কাসেম ও শ্যামপুর নিন্দা পাড়ার মৃত গোলাম নবীর ছেলে বিএনপির সমর্থক শরিফুল ইসলাম গুরুতর আহত হয়। সেখান থেকে তাদেরকে উদ্ধার করে মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ ভর্তি করা হয়েছে।

মহেশপুর থানার ওসি ফয়েজ উদ্দিন বলেন, গতকাল একটি মারামারির ঘটনা ঘটেছিলো। এখন পর্যন্ত কেউ কোন অভিযোগ দেয়নি। উভয় পক্ষ বিষয়টি সমাধান করার চেষ্টা করছে।